



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০২০

### যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আগামীকাল রবিবার নাটোর ও রাজশাহী আসছেন

রাজশাহী; ১৪ শ্রাবণ (২৯ জুলাই):

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো: জাহিদ আহসান রাসেল, এমপি দুই দিনের সরকারি সফরে আগামীকাল রবিবার (২৯ জুলাই) নাটোর ও রাজশাহী আসবেন। তিনি সড়ক পথে বেলা দেড়টায় রাজশাহী এসে পৌঁছাবেন।

তিনি বিকাল চারটায় রাজশাহীর পুঠিয়া উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর ভিত্তিপ্রস্তর স্থাপন ও ক্রীড়ার মানোন্নয়ন বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। অনুষ্ঠান শেষে তিনি নাটোর যাবেন।

প্রতিমন্ত্রী সোমবার (৩১ জুলাই) সকাল দশটায় বাবু শংকর গোবিন্দ চৌধুরী স্টেডিয়ামের সম্প্রসারিত ভবনের ভিআইপি লাউন্স আধুনিকায়ন, নাটোর হেলথ ক্লাব, আধুনিক জিমনেসিয়াম, নাটোর মহিলা ক্রীড়া সংস্থার অফিস কক্ষ মেরামত ও উন্নয়ন কাজের উদ্বোধন করবেন। বেলা এগারোটায় নাটোর সদর উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। বেলা সাড়ে এগারোটায় নাটোর জেলা ক্রীড়ার মান উন্নয়নবিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বিকাল তিনটায় সিংড়া শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তিপ্রস্তর স্থাপন ও ফয়েজ উদ্দিন স্পোর্টস কমপ্লেক্স এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। বিকাল চারটায় চলনবিল ফুটবল টুর্নামেন্ট এর উদ্বোধন ও বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ (প্রাথমিক বিদ্যালয় পর্যায়) এর ফাইনাল এবং চলনবিল ফুটবল টুর্নামেন্ট এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। প্রতিমন্ত্রী সন্ধ্যা সাড়ে সাতটায় সিংড়া উপজেলাধীন কৃতি ক্রীড়াবিদ, ধারাভাষাকার, খেলোয়াড় ও ক্রীড়া ব্যক্তিত্বদের সংবর্ধনা ও সম্মাননা প্রদান এবং সিংড়া উপজেলা ছাত্র-ছাত্রী যুব ও যুব নারী সমাবেশে এবং যুব ও যুব সংগঠকদের মাঝে আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। এ সময় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সিংড়া উপজেলা কোর্ট মাঠে যুব কনসার্ট উপভোগ করবেন।

এদিনই তিনি রাতে সড়ক পথে ঢাকার উদ্দেশে নাটোর ত্যাগ করবেন।

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৬.৩০ঘ.